Trust Bank PLC.

Trust Bank PLC.
Corporate Head Office
Shadhinata Tower
Bir Srestha Shaheed Jahangir Gate
Dhaka Cantonment, Dhaka-1206
Bangladesh

টিবিএল/প্রকা/জিএসএসডি/পিপিডি/২০২৬/৩৫০
১৯ অক্টোবর ২০২৬

বিষয়: ট্রাষ্ট ব্যাংক পিএলসি এর জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টি কম্বল সরবারহের জন্য দরপত্র আহ্বান।

১। ট্রাষ্ট ব্যাংক পিএলসি কর্তৃক দুস্থ ও শীতার্ত মানুষের মাঝে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টি কম্বল বিতরনের লক্ষ্যে প্রথম শ্রেণীর কম্বল প্রস্তুতকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। **দরপত্রের বিবরন ও নিয়মাবলী**। দরপত্রের বিস্তারিত বিবরণ নিম্নে দেয়া হলোঃ

ক্রঃ নঃ	বিবরণ	দরপত্রের বর্ণনা ও নিয়মাবলী	
১।	দরপত্র নং ও ইস্যুর তারিখ	টিবিএল/প্রকা/জিএসএসডি/পিপিডি/টেন্ডার/২০২৬/৪৯, তারিখ: ১৯ অক্টোবর ২০২৬	
২।	প্রকল্পের নাম	**৫০,০০০ (পঞ্চাশ হাজার) টি কম্বল ট্রাস্ট ব্যাংক পিএলসি লোগো সম্বলিত ট্রাস্ট ব্যাংক পিএলসি কর্তৃক নির্ধারিত বাংলাদেশের বিভিন্ন স্থানে সরবরাহকরন।**	
৩।	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র।	
৪।	অর্থের উৎস	নিজস্ব অর্থায়ন।	
৫।	দরপত্রে অংশগ্রহনের যোগ্যতা	প্রথম শ্রেণীর কম্বল প্রস্তুতকারক / সরবরাহকারী প্রতিষ্ঠান (ব্যাংক/কর্পোরেট প্রতিষ্ঠানে অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন) হতে হবে।	
৬।	দরপত্রের সিডিউল ফি	দরপত্রে অংশগ্রহনে আগ্রহী প্রতিষ্ঠানকে দরপত্রের সিডিউল ফি বাবদ ২,০০০ টাকা (অফেরতযোগ্য) নিম্নলিখিত একাউন্ট নম্বরে জমা দিতে হবে। ক। একাউন্টের নাম: TENDER PARTICIPATION FEES ACCOUNT খ। একাউন্ট নম্বর: 0022-0210018483 গ। ব্যাংক ও শাখার নাম: ট্রাষ্ট ব্যাংক পিএলসি, মিলেনিয়াম কর্পোরেট শাখা।	
৭।	নিরাপত্তা জামানত	দরপত্র জমা দেয়ার সময় সর্বমোট দরের ৫% (নিরাপত্তা জামানত, ফেরতযোগ্য) পে-অর্ডারের মাধ্যমে আর্থিক প্রস্তাবনার সাথে জমা দিতে হবে। সকল পে-অর্ডার ট্রাষ্ট ব্যাংকের যে কোনো শাখা হতে এবং ট্রাষ্ট ব্যাংক পিএলসি এর অনুকূলে হতে হবে।	
৮।	সিডিউল সংগ্রহের সময়সীমা	**তারিখ: ১৯/১০/২০২৬ হতে ০৪/১১/২০২৬ (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)।**	কম্বলের নমুনা, সিডিউল সংগ্রহ ও দরপত্র জমার স্থানঃ ট্রাষ্ট ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, স্বাধীনতা টাওয়ার (লেভেল-৫)।
৯।	দরপত্র জমার সময়সীমা	**তারিখ: ০৫/১১/২০২৬ সময়: ১০:০০ ঘটিকা হতে দুপুর ০২:৩০ ঘটিকা পর্যন্ত।**	
১০।	দরপত্র খোলার তারিখ এবং সময়	**তারিখ: ০৫/১১/২০২৬, সময়: বিকাল ০৩:০০ ঘটিকা।** যদি কোন কারণে উল্লেখিত দিনে দরপত্র খোলা না হয়, তাহলে পরবর্তী কার্য্যাদিবসে একই সময়ে দরপত্র খোলা হবে।	
১১।	কম্বলের রং	মেরুন, কমলা, লাল, নীল ও সবুজ (টিয়া) (নমুনা অনুযায়ী)।	
১২।	কম্বলের সংখ্যা	উল্লেখিত প্রতিটি রং এর ১০,০০০ টি করে সর্বমোট ৫০,০০০ টি। সর্বোচ্চ ২০% কম বা বেশী হতে পারে।	
১৩।	সরবরাহের স্থান ও তারিখ	**৩০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে ব্যাংক কর্তৃক নির্ধারিত স্থানে (সমগ্র বাংলাদেশ) সরবরাহ করতে হবে।**	
১৪।	কম্বলের বিবরণ ও মোড়কীকরণ	**ক। দরপত্র জমাদানের সময় ট্রাস্ট ব্যাংক পিএলসি লোগো সম্বলিত ২ টি নমুনা কম্বল পলিথিন দ্বারা মোড়কজাত করে সঠিকভাবে চিহ্নত করে বিনামূল্যে সরবরাহ করতে হবে। খ। নির্বাচিত প্রতিষ্ঠানকে ব্যাংক কর্তৃক নির্ধারিত প্রতিটি রং এর ট্রাস্ট ব্যাংক পিএলসি লোগো সম্বলিত ২ টি করে নমুনা কম্বল বিনামূল্যে সরবরাহ করতে হবে। গ। চারপাশে পাইপিং সম্বলিত ৫' x ৭' সাইজের প্রতিটি কম্বল সরবরাহ করতে হবে। ঘ। প্রতিটি কম্বল আলাদা পলিথিন দ্বারা প্যাকেট করে মোট ৫০ টি কম্বল দ্বারা এককেকটি গাঁট**	

		তৈরী করতে হবে। প্রতিটি কম্বলের ওজন ১,২০০ গ্রাম (৫০ গ্রাম±) হতে হবে। ঙ। সরবরাহকৃত কম্বলসমূহ নমুনা মোতাবেক হতে হবে, এর ব্যতিক্রম হলে কার্য্যাদেশ বাতিল বলে গন্য হবে এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের নিরাপত্তা জামানত বাতিল বলে গন্য হতে পারে। এক্ষেত্রে ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। চ। **কম্বল সমূহ ট্রাষ্ট ব্যাংকের লোগো সম্বলিত হতে হবে।** ছ। নির্ধারিত সময়ের মধ্যে কম্বল সরবরাহে ব্যর্থ হলে ব্যাংক কর্তৃক কার্যাদেশ বাতিল অথবা প্রতিদিন বিলম্বের জন্য মোটমূল্যের ১% হারে জরিমানা ধার্য্য করা হতে পারে। জ। দরপত্র সীলমোহর যুক্ত খামে দাখিল করতে হবে। খামের উপর কাজের নাম, দরদাতার পরিচিতি ইত্যাদি উল্লেখ করতে হবে। ঝ। টিবিএল সবনিম্ন দরদাতার দরপত্র গ্রহনে বাধ্য নয়। ঞ। টিবিএল দরপত্রের সময় বাড়ানো বা কমানোর অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে টিবিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ট। ট্রাষ্ট ব্যাংক কর্তৃপক্ষ যে কোন সময় কোন কারণ দর্শানো ছাড়া দরপত্র (এক/একাধিক/সম্পূর্ণ) বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে। এক্ষেত্রে টিবিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
১৫।	মূল্য সূচি	ক। **লেবার, পরিবহন (সমগ্র বাংলাদেশ), পলিথিন দ্বারা মোড়কীকরণ, ট্রাষ্ট ব্যাংকের লোগো সহ সংশ্লিষ্ট সকল খরচ একক ও মোট মূল্যে অন্তর্ভুক্ত থাকবে।** খ। ভ্যাট ও ট্যাক্স ব্যতীত একক ও মোট মূল্যে প্রদান করতে হবে। গ। কম্বল সরবরাহের পূর্বে কোন প্রকার অগ্রীম অর্থ প্রদান করা হবে না।
১৬।	মূল্য পরিশোধ	১০০% পণ্য ব্যাংক কর্তৃক নির্ধারিত স্থানে পৌছানোর পর এবং সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের নিকট হতে কর্মসম্পাদন সনদ সংগ্রহ করে চূড়ান্ত বিলের সাথে জমাদানের পর সম্পূর্ণ বিল পরিশোধ করা হবে।

৩। দরপত্রের বিষয়ে নিম্ন সাক্ষরকারীর অফিসে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

19/10/26
রাশেদুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার, পিপিডি, জিএসএসডি

19/10/26
মোহাম্মদ গোলাম মোস্তফা
এসএভিপি, পিপিডি, জিএসএসডি

কর্ণেল খন্দকার ইউসুফ হাসান (অবঃ)
ইভিপি এন্ড হেড অফ পিপিডি, জিএসএসডি

অবগতি:

১। চেয়ারম্যান, পারচেজ কমিটি, ট্রাষ্ট ব্যাংক পিএলসি।

২। চেয়ারম্যান, টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি, ট্রাষ্ট ব্যাংক পিএলসি।

Trust Bank Ltd. Purchase & Procurement Division